গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(সাধারণ শাখা)
www.sylhetdiv.gov.bd

## বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট এর ১০ম সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার |
| সভার তারিখ | ১০ ফেব্রুয়ারি ২০২১ |
| সভার সময় | সকাল ১০:৩০ ঘটিকা |
| স্থান | বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর ২ নং ভবনের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি দ্রষ্টব্য |

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ (DCLWC), সিলেট এর সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পরিষদের সদস্য সচিব কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE), সিলেট এর উপ-মহাপরিদর্শককে আলাচ্যসূচি অনুসারে উপস্থাপনার জন্য অনুরোধ করেন।

২। সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **<u>০১. গত সভার কার্যবিবরণী অনুমোদন:</u>**<br>সভায় জানানো হয় গত সভাটি ৬/১১/২০১৯খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়করণ বিষয়ক আলোচনায় ইউনিসেফ এর প্রতিনিধি জানান কার্যবিবরণীর ২(ঘ) নং সিদ্ধান্তে ইউনিসেফকে "এনজিও সংস্থা" হিসেবে উল্লেখ করা হয়েছে। ইউনিসেফ এনজিও নয়। কার্যববরণীর ঐ অংশে "এনজিও সংস্থা" শব্দগুচ্ছ বাদ দেওয়ার জন্য প্রস্তাব করেন। | বর্ণিত অংশে "এনজিও সংস্থা" শব্দগুচ্ছ বাদ দিয়ে গত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | উপ-মহাপরিদর্শক (DIFE) ও সদস্য-সচিব |
| **<u>০২. শিশুশ্রম নিয়ে কাজ করে এমন এনজিওদের সাথে সভা</u>**<br>সমাজসেবা অধিদফতর এর বিভাগীয় পরিচালক জানান, পরিষদের ৯ম সভার ১ম সিদ্ধান্ত অনুযায়ী তার দফতরে DIFE এর উপ-মহাপরিদর্শক সহ সিলেট বিভাগে শিশুদের নিয়ে কাজ করে এরূপ ২২ টি এনজিও সংস্থার সাথে দুইবার সমন্বয় সভার আয়োজন করা হয়েছে। এতে বিভিন্ন এনজিও সংস্থার কার্যক্রম সম্পর্কে তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়েছে এবং তাদের কাজের সমন্বয় ঘটানো হযেছে। | এনজিও বা এজেন্সিকে বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এবং সংশ্লিষ্ট জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি সমূহের সভায় উপস্থিতি নিশ্চিত করে শিশুশ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রম জোড়দার করতে হবে। | ১। উপ-মহাপরিদর্শক (DIFE), সিলেট ও সদস্য সচিব, অত্র পরিষদ।<br>২। সদস্য সচিব, জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (সকল) |

| | | |
|---|---|---|
| **০৩. জেলা ও উপজেলা পর্যায়ে সভা অনুষ্ঠান:**<br>সভায় জানানো হয় যে জেলা পর্যায়ে শিশুর কল্যাণ পরিষদের সভা অনুষ্ঠিত হলেও উপজেলা পর্যায়ে সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে না। উপজেলা পর্যায় কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। উপজেলা পর্যায়ের সভা অনুষ্ঠানের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | ক. শিশু কল্যাণ পরিষদ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সভা নিয়মিত অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।<br>খ. জেলা কমিটি উপজেলা পর্যায়ের সভা অনুষ্ঠান নিশ্চিত করবে। | ১। উপ-মহাপরিদর্শক (DIFE), সিলেট ও সদস্য সচিব, অত্র পরিষদ।<br>খ. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল জেলা) |
| **০৪. শিশু শ্রমিক পুনর্বাসন:**<br>সদস্য-সচিব জানান, প্রায়শঃ দেখা যায় শিশু শ্রমিকরা এক স্থান থেকে অন্যস্থানে স্থানান্তরিত হয়। ফলে শিশুশ্রম থেকে তারা মুক্ত হয় না। এসওএস শিশু পল্লী সিলেট এর পরিচালক জানান, তার প্রতিষ্ঠানে সঙ্কটাপন্ন ও এতিম শিশুদের নিয়ে শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি নিশ্চিত করা সহ আয় বর্ধক কাজের প্রশিক্ষণ পরিচালনা করা হয়। বিপদাপন্ন শিশু শ্রমিকদের পুনর্বাসনের সুযোগ তাদের রয়েছে। | ক. শিশু শ্রমে ঝুঁকিপূর্ণ শিশুদের পুনর্বাসন নিশ্চিত করতে হবে।<br>খ. শিশু শ্রমিক পুনর্বাসনে সংশ্লিষ্ট এনজিও/প্রতিষ্ঠানের সহযোগিতা গ্রহণ করতে হবে। | ১। উপ-মহাপরিদর্শক (DIFE), সিলেট ও সদস্য সচিব, অত্র পরিষদ।<br>২। শিশু পুনর্বাসনে সংশ্লিষ্ট এনজিওসমূহ |
| **০৫. শিশু শ্রমিকদের তথ্য বিনিময় ও পারস্পরিক সহযোগিতা:**<br>ক. বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী সরকারি দপ্তর ও বেসরকারি প্রতিষ্ঠান সমূহের মধ্যে সমন্বয় করে বিভিন্ন ঝুঁকিপূর্ণ সেক্টরে নিয়োজিত ১৮ বছরের কম বয়সী শিশু ও কিশোরের তালিকা পারস্পরিক বিনিময় করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচনায় সংশ্লিষ্ট সরকারি দপ্তর, এনজিও সংস্থা বা এজেন্সি সমূহ কারখানা হতে অপসারিত শিশু ও কিশোরদের পুর্নবাসন সহ মৌলিক প্রয়োজনীয় সুবিধাদি প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার উপর গুরুত্বারোপ করা হয়।<br>খ. শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নয়টি কৌশলগত ক্ষেত্র চিহ্নিত করে তা ১০টি মন্ত্রণালয় ও বিভাগকে সরকার কর্তৃক দায়িত্ব প্রদানের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের অধীন মাঠ পর্যায়ের দপ্তরগুলো শিশুশ্রম নিরসনে পারস্পরিক সহযোগিতা করার বিষয় সভায় আলোচিত হয়। | ক. শিশু শ্রমিকের তথ্য পারস্পরিক বিনিময় অব্যাহত রাখতে হবে এবং কারখানা হতে অপসারিত শিশু ও কিশোরদের পুর্নবাসনসহ মৌলিক প্রয়োজনীয় সুবাধাদি প্রাপ্তি নিশ্চত করতে হবে।<br>খ. স্বরাষ্ট্র মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সিটি কর্পোরেশন এবং সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের মাঠ পর্যায়ের দপ্তরগুলো শিশুশ্রম নিরসনে সহযোগিতা করবে। | ক১। উপ-মহাপরিদর্শক (DIFE), সিলেট।<br><br>ক২। সমাজসেবা অধিদফতর অধীন সরকারি শিশু পরিবার (বালক ও বলিকা) কর্তৃপক্ষ।<br>ক৩। সকল এনজিও সংস্থা / এজেন্সি।<br>খ. বর্ণিত মন্ত্রণালয়/বিভাগের বিভাগীয় দপ্তর প্রধানগণ |
| **৬. ঝুকিপূর্ণ কাজের তালিকা হালনাগাদকরণ:**<br>সভায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রাপ্ত ২৬ জানুয়ারি ২০২১ তারিখের ৪০.০০.০০০০.০৪৩.৩৯.০০১.২০.১২ নং স্মারকের আলোকে ২০১৩ সনে প্রণীত শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজের তালিকা হালনাগাদের লক্ষ্যে নতুন অন্তর্ভূক্তিযোগ্য ঝুঁকিপূর্ণ কাজের তালিকার বিষয়ে আলোচনা হয়। আলোচনায় ৯ ধরনের কাজকে অন্তর্ভুক্ত করার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | নিম্নবর্ণিত ৯টি কাজকে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজ হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করা হয়:<br>(ক) নদী হতে বালু ও পাথর সংগ্রহ / উত্তোলন;<br>(খ) মাছ প্রক্রিয়াজাতকরণ / শুটকি প্রস্তুতি;<br>(গ) রিসাইকেলএবল ম্যাটেরিয়াল বা আবর্জনা সংগ্রহ;<br>(ঘ) নদী / সমুদ্রে মাছ ধরা;<br>(ঙ) করাত কলে কাজ;<br>(চ) রাইস মিলে কাজ;<br>(ছ) পেপার মিলে কাজ;<br>(জ) সিমেন্ট কারখানায় কাজ;<br>(ঝ) গৃহস্থালি কাজ। | ১। সদস্য সচিব, অত্র পরিষদ। |

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০৪.০৬.০০১.১৯.৯

তারিখ: ২৭ মাঘ ১৪২৭
১০ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
২) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
৪) উপ মহা-পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।
৫) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ
১০) প্রধান নির্বাহী কর্মকর্তা , প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
১১) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
১২) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,সমাজসেবা অধিদফতর,সিলেট
১৩) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, সিলেট
১৪) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৫) যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
১৬) উপ পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, সিলেট।
১৭) উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, মৌলভীবাজার
১৮) উপ পরিচালক , আঞ্চলিক শ্রম দপ্তর, আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট
১৯) উপপরিচালক , জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সিলেট
২০) সভাপতি, দি সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট।
২১) রিজিওনাল ম্যানেজার (CWRA) , ইউসেফ, সিলেট।
২২) সভাপতি বা সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, সিলেট।
২৩) বিভাগীয় প্রতিনিধি , ইউনিসেফ, সিলেট।
২৪) কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২৫) উপ-পরিচালক , বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
২৬) সভাপতি বা সাধারণ সম্পাদক, স্টোন ক্রাশার মালিক সমিতি, সিলেট।
২৭) পরিচালক , এসওএস শিশু পল্লী, সিলেট। (বাংলাদেশ শিশু অধিকার ফোরাম)
২৮) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমি, সিলেট
২৯) নির্বাহী পরিচালক , আকবেট, বাড়ী নং-০৮, ব্লক-সি, মেইন রোড, শাহজালাল উপশহর, সিলেট।
৩০) বিভাগীয় প্রতিনিধি, ব্রাক স্টার প্রকল্প, বিভাগীয় অফিস, সিলেট।

৩১) সভাপতি বা সাধারণ সম্পাদক , ওয়ার্কশপ এসোসিয়েশন, সিলেট।

৩২) সভাপতি বা সাধারণ সম্পাদক, প্লাস্টিক শিল্প মালিক সমিতি, সিলেট

৩৩) জনাব সেলিম ফলিক, সভাপতি , জেলা সড়ক পরিবহণ শ্রমিক ইউনিয়ন, সিলেট।

Tapanbikash

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান
পরিদর্শন অধিদপ্তর, সিলেট এবং সদস্য সচিব,
বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট।